# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৯৮. উট বসার জায়গায় নামায পড়া

বারা’ বিন্ ’আযিব (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সা.) কে উট বসার জায়গায় নামায পড়া সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন:

لاَ تُصَلُّوْا فِيْ مَبَارِكِ الْإِبِلِ ؛ فَإِنَّهَا مِنَ الشَّيَاطِيْنِ

“তোমরা উট বসার জায়গায় নামায পড়ো না। কারণ, উট হচ্ছে শয়তানের জাত”।

তেমনিভাবে তাঁকে ছাগল বসার জায়গায় নামায পড়া সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন:

صَلُّوْا فِيْهَا ؛ فَإِنَّهَا بَرَكَةٌ

“তাতে নামায পড়বে। কারণ, ছাগল হচ্ছে বরকতময় পশু” ।[1]

>

ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৪৯৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11348

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন